

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
unothakurgaon@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৫৫.৯৪৯৪.০০০.০০.০০০.১৮.

৭৩০

তারিখ: ২৭/০৫/২০১৯ খ্রিস্টাব্দ।


গাছ নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয়ের কার্যালয়ের স্মারক নং ০৫.৫৫.৯৪০০.০০৯.১৮.০০০.১৯.৮২ এর অনুমোদনক্রমে এবং গত ০৪/০২/২০১৯ তারিখের উপজেলা গাছ নিলাম কমিটির সিদ্ধান্ত মোতাবেক ০৭ নং চিলাং ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডের কিসমত পাহাড়ভাঙ্গা মৌজার আমতলী হরি মন্দিরের পশ্চিম পাকা রাস্তা হতে বারমনি পুলপাড় হয়ে মহাদেবপুর আকবাসের বাড়ি পর্যন্ত ০২ (দুই) কিলোমিটার রাস্তার ধারের বিভিন্ন প্রজাতির গাছ নিলামে বিক্রয় করা হবে। অত্রহী ব্যক্তিগণকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরপত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো। নিলামের দরপত্র/সিডিউল নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ১৫০০/- টাকা মূল্যে (অফেংযোগ্য) অফিস চলাকালীন সময়ে আগামী ২৭/০৫/২০১৯ হতে ২৯/০৫/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত পাওয়া যাবে। ৩০/০৫/২০১৯ খ্রিঃ তারিখে সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিনেই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ থাকে) দরপত্র খোলা হবে।

ক্রঃ নং	গাছের অবস্থান	গাছের সংখ্যা	গাছের সরকারী মূল্য	মন্তব্য
০১।	০৭ নং চিলাং ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডের কিসমত পাহাড়ভাঙ্গা মৌজার আমতলী হরি মন্দিরের পশ্চিম পাকা রাস্তা হতে বারমনি পুলপাড় হয়ে মহাদেবপুর আকবাসের বাড়ি পর্যন্ত ০২ (দুই) কিলোমিটার রাস্তার ধারে লাগানো বিভিন্ন প্রজাতির গাছ।	৮৪৪(আটশত চুয়াল্লিশ) টি	৫,০২,০৩৩/৭৫	

শর্তাবলীঃ

- ১। ১,৩০,০০০/- (একলক্ষ ত্রিশ হাজার) টাকা জামানত (ফেংযোগ্য) যে কোন তফশীলভুক্ত ব্যাংক কর্তৃক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও এর অনুকূলে জমা প্রদান করে নিলামে অংশ করতে হবে।
- ২। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হলে সমুদয় টাকা কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যেই অত্রাফিসে জমা দিতে হবে। অন্যথায় দাখিলকৃত জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
- ৩। দর দাতাকে দাখিলকৃত দরের উপর ৫% আয়কর, ১৫% ভাটসহ অন্যান্য করাদি নিলাম ডাকের টাকার সাথে জমা দিতে হবে।
- ৪। ডাক গ্রহণ, স্থগিত বা ডাক বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষের সংরক্ষিত থাকবে।
- ৫। দরদাতা কর্তৃক দাখিলকৃত দরপত্র গৃহীত হলে দরদাতাকে সমুদয় অর্থ পরিশোধের পর অত্রাফিসের কার্যাদেশ প্রাপ্তি সাপেক্ষে সর্বসাধারণের কোন রূপ ক্ষতিসাধন না করে ০৭ (সাত) দিনের মধ্যে নিজ খরচে গাছ অপসারণ করতে হবে এবং গাছ অপসারণের পর কর্তনকৃত গাছের গর্ত মাটি দ্বারা ভরাট করে সমতল করতে হবে। অন্যথায় তার জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ৬। প্রতিটি সিডিউল/দরপত্রের মূল্য ১৫০০/- (একহাজার পাঁচশত) টাকা।
- ৭। গাছ পরিদর্শন করার পর নিলামে অংশ গ্রহণ অপরিহার্য।
- ৮। নিলামে অংশগ্রহণে দরপত্র/সিডিউল এ দাখিলকৃত দর অবশ্যই অংকে ও কথায় লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি বা ঘষা মাজা হলে দরদাতার কর্তৃক দাখিলকৃত দর বাতিল বলে গণ্য হবে।


(আব্দুল্লাই-আল-মামুন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি, উপজেলা গাছ নিলাম কমিটি
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

পাতা-২

স্মারক নং : ০৫.৫৫.৯৪৯৪.০০০.০০.০০০.১৯. ৭৬০

তারিখ: ২৭/০৫/২০১৯ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য প্রেরণ করা হলো:-

- ১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
- ২। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঠাকুরগাঁও।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াডাঙ্গী/পীরগঞ্জ/রাণীশংকৈল/হরিপুর, ঠাকুরগাঁও।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
- ৬। সহকারী কমিশনার (ভূমি), ঠাকুরগাঁও সদর/ বালিয়াডাঙ্গী/পীরগঞ্জ/রাণীশংকৈল/হরিপুর, ঠাকুরগাঁও।
- ৭। উপজেলা প্রকৌশলী, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
- ৮। উপজেলা কৃষি অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
- ৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
- ১০। অফিসার-ইন-চার্জ, ঠাকুরগাঁও থানা, ঠাকুরগাঁও। তাঁকে দরপত্র দাখিলের ধার্য্য তারিখে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ করা হলো।
- ১১। সাব-রেজিস্ট্রার, ঠাকুরগাঁও সদর।
- ১২। ফরেস্টার, সহকারী রেঞ্জ কর্মকর্তা, বনবিভাগ, ঠাকুরগাঁও।
- ১৩। চেয়ারম্যান, ০৭ নং চিলারং নং ইউপি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
- ১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ০৭ নং চিলারং ইউনিয়ন ভূমি অফিস, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
তাঁকে বিজ্ঞপ্তি স্থানীয় জনবহুল স্থানে টোলসহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য বলা হলো।
- ১৫। জনাব,
- ১৬। অফিস কপি।



উপজেলা নির্বাহী অফিসার
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।